

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৪৫.০১৪.০০.০০.১৪.২০১৭-৯৬৮

তারিখ : ০৪ অক্টোবর, ২০১৭ খ্রিঃ

বিষয়ঃ উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) প্রকল্পের আওতায় পরামর্শক ফর্ম কর্তৃক দেশের সকল উপজেলা পরিষদের সক্ষমতা যাচাইকরণ প্রসঙ্গে।

সূত্র : প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প এর স্মারক নং-২২৫; তারিখ : ১২/০৯/২০১৭ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, স্থানীয় সরকার বিভাগ কর্তৃক বাস্তবায়নধীন “ইউজিডিপি” প্রকল্পে ২০১৭-২০১৮ অর্থবছরে অংশগ্রহণের জন্য দেশের সকল উপজেলা পরিষদের পারফরমেন্স এসেসমেন্ট বা সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনার নিমিত্তে একটি পরামর্শক ফর্ম, পিডিও (পিস এন্ড ডেভেলপমেন্ট অর্গানাইজেশন) এর সাথে চুক্তি স্বাক্ষরিত হয়েছে। উক্ত ফর্ম সকল উপজেলা পরিষদে সক্ষমতা যাচাই কার্যক্রম পরিচালনা করবে। এই কার্যক্রমের আওতায় উপজেলা পরিষদের যে সমস্ত কাগজপত্র প্রয়োজন হবে তা নিম্নরূপ:

১. ২০১৫-২০১৬ অর্থবছরের উপজেলা পরিষদের মাসিক সভার উপস্থিতির তালিকাসহ কার্যবিবরণী
২. ১৭টি কমিটি গঠনের সিদ্ধান্তসহ সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী
৩. ২০১৫-২০১৬ অর্থবছরের সকল কমিটি সভার উপস্থিতির তালিকাসহ কার্যবিবরণী
৪. কমিটি সভার নোটিশসমূহ। যদি কমিটির সভা কোন নির্দিষ্ট তারিখে অনুষ্ঠিত হয়ে থাকে তাহলে সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণের দালিলিক প্রমাণপত্র
৫. প্রকল্প বাছাই কমিটি সভার কার্যবিবরণী
৬. ২০১৬-২০১৭ অর্থবছরের বার্ষিক বাজেট বই
৭. ২০১৪-২০১৫ অর্থ বছরের বার্ষিক আর্থিক বিবরণী
৮. উপজেলা পরিষদের পঞ্চবার্ষিক উন্নয়ন পরিকল্পনা
৯. বিগত তিন অর্থবছরের (২০১৩-২০১৪, ২০১৪-২০১৫ এবং ২০১৫-২০১৬) এডিপি থোক বরাদ্দের বাস্তব প্রতিবেদন এবং এসংক্রান্ত স্থানীয় সরকার বিভাগে প্রেরিত পত্রের কপি
১০. বিভিন্ন সূত্র থেকে (ইউনিয়ন পরিষদ, কমিটি, উপজেলার লাইন ডিপার্টমেন্ট এবং অন্যান্য) প্রাপ্ত প্রকল্প প্রস্তাব
১১. সম্পদ রেজিস্টার (স্থায়ী এবং অস্থায়ী সম্পদের জন্য)
১২. এডিপি থোক বরাদ্দ দ্বারা বাস্তবায়িত প্রকল্পের তালিকা
১৩. ২০১৫-২০১৬ অর্থবছরে এডিপি থোক বরাদ্দের আওতায় বাস্তবায়িত প্রকল্পসমূহের সাইট ইন্সপেকশন প্রতিবেদন
১৪. ২০১৫-২০১৬ অর্থবছরে এডিপি থোক বরাদ্দের আওতায় বাস্তবায়নের জন্য উপজেলা প্রকল্প প্রস্তাবসমূহ (ইউপিপি)
১৫. ইউনিয়ন উন্নয়ন সমন্বয় কমিটি (ইউডিসিসি) সভাসমূহের কার্যবিবরণী
১৬. উপজেলা পরিষদে তথ্য প্রদানকারী কর্মকর্তা এবং নাগরিক সনদপত্র (Citizen Charter) বিষয়ক তথ্য

প্রতিটি উপজেলায় বর্ণিত পরামর্শক ফর্ম কর্তৃক নিযুক্ত দুই সদস্য বিশিষ্ট একটি টিম সরেজমিনে উপজেলা পরিষদের উপরোল্লিখিত ডকুমেন্টসমূহ যাচাই করবে। উপজেলা পরিষদে এই কার্যক্রম পরিচালনাকালে সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপস্থিত থাকতে হবে এবং তাদের উপস্থিতির প্রমাণস্বরূপ নিযুক্ত টিম স্বাক্ষর গ্রহণ করবে। উক্ত টিম সংশ্লিষ্ট ডিডিএলজি'র দপ্তরে এবং উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরে 'এন্ট্রি মিটিং' করত: উপজেলা পর্যায়ে পারফরমেন্স এসেসমেন্ট কার্যক্রম শুরু করবে। এসেসমেন্ট কার্যক্রম সম্পূর্ণের পর সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানের দপ্তরে এন্ট্রি মিটিং করবে। উক্ত এন্ট্রি মিটিং-এ সংশ্লিষ্ট উপজেলা পরিষদের সদস্যগণ, উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা ভাইস চেয়ারম্যানগণ এবং উপজেলা পরিষদ চেয়ারম্যান উপস্থিত থাকবেন। এই সভায় পারফরমেন্স এসেসমেন্ট এর Findings বিষয়ে আলোচনা হবে এবং নিযুক্ত টিম পারফরমেন্স এসেসমেন্ট ফরম -এ উপজেলা পরিষদ চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারের স্বাক্ষর গ্রহণ করবে।

স্বাক্ষর

এমতাবস্থায়, মাঠ পর্যায়ে সক্ষমতা যাচাই কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্নক্রমে উপজেলা পরিষদের সক্ষমতার প্রকৃত চিত্র সম্বলিত রিপোর্ট প্রণয়নের ক্ষেত্রে সক্রিয় সহযোগিতা এবং প্রয়োজনীয় তথ্যাদি প্রদান করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

J. A. in
08/10/2019
(ড. জুলিয়া মঈন)
উপ-সচিব
ফোনঃ ০২-৯৫৫০৬০৩

উপজেলা নির্বাহী অফিসার

-----উপজেলা----- জেলা।

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ
- ২। যুগ্ম সচিব (উপজেলা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। পরিচালক (সকল), স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয়।
- ৪। জেলা প্রশাসক (সকল)।
- ৫। উপ-পরিচালক (সকল), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়।
- ৬। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৭। সিনিয়র রিপ্রেজেন্টেটিভ, জাইকা, বাংলাদেশ অফিস, ঢাকা।
- ৮। পরিচালক, পিডিও, ১৮০ শান্তিবাগ (নীচতলা), ঢাকা।